কাল থেকে চলবে মেট্রো রেল

ছাত্র আন্দোলনের কারণে বন্ধ ছিল মেট্রো রেল চলাচল। আগামীকাল রবিবার (২৫ আগস্ট) থেকে আবারো নিয়মিত শিডিউলে চলবে মেট্রো রেল।

মেট্রো রেলের অতিরিক্ত প্রকল্প পরিচালক (ইলেকট্রিক্যাল, সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন অ্যান্ড ট্র্যাক) মো. জাকারিয়া এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, গত বৃহস্পতিবার ও শুক্রবার পরীক্ষামূলকভাবে মেট্রো রেল চালানো হয়েছে।

লাইনে কোনো সমস্যা বা ত্রুটি ধরা পড়েনি। কিছু কারিগরি ইস্যু নিয়ে কাজ করছে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)।
তিনি আরো জানান, আজ শনিবার (২৪ আগস্ট) চূড়ান্ত ট্রায়াল দেওয়া হবে। আশা করা যায় আর কোনো ত্রুটি ধরা পড়বে না।

সবকিছু ঠিকঠাক থাকলে আগামীকাল রোববার থেকেই মেট্রো রেল নিয়মিত চলবে।
উল্লেখ্য, কোটা সংস্কার আন্দোলন চলাকালে গত ১৮ জুলাই মিরপুর-১০ নম্বর গোলচত্বরে পুলিশ বক্সে অগ্নিসংযোগ করা হয়। ওই দিন বিকেল ৫টায় মেট্রো রেলের চলাচল বন্ধ করে দেয় কর্তৃপক্ষ। এর পরদিন মিরপুর-১০ ও কাজীপাড়া স্টেশনে ভাঙচুর করা হয়।

এতে প্রাথমিকভাবে ৩০০ কোটি টাকা ক্ষয়ক্ষতির কথা বলা হলেও, অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেয়ার পর ক্ষয়ক্ষতির পরিমাণ ৫০ কোটিরও কম বলা হচ্ছে।

সূত্র: কালের কণ্ঠ

ধর্মীয় প্রতিষ্ঠানে হামলার তথ্য জানাতে হটলাইন চালু

হাসিনা সরকারের পতনের পর দেশকে অস্থিতিশীল করতে সংখ্যালঘুদের উপাসনালয়ে দুর্বৃত্তরা হামলা চালাচ্ছে বলে জানা গেছে বিভিন্ন সংগঠন থেকে। এর প্রতিকার চেয়ে মানববন্ধন ও সমাবেশ করেছে বিভিন্ন ধর্মীয় সংগঠন গুলোও। গতকাল সোমবার (১২ আগস্ট) ধর্ম মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে মন্দির, গির্জা, প্যাগোডা বা অন্য কোনো ধর্মীয় প্রতিষ্ঠানে হামলার ঘটনা ঘটলে তার তথ্য জানাতে সবাইকে অনুরোধ জানিয়েছে ধর্মবিষয়ক মন্ত্রণালয়।

বিজ্ঞপ্তিতে মন্দির, গির্জা, প্যাগোডা বা অন্য কোনো ধর্মীয় প্রতিষ্ঠান দুর্বৃত্তের হামলার শিকার বা আক্রান্ত হলে তার তথ্য ০১৭৬৬-৮৪৩৮০৯ এই মোবাইল নম্বরে ফোন বা খুদেবার্তার মাধ্যমে পাঠাতে অনুরোধ করা হয়।

এ ছাড়া ইসলামী ফ্রন্ট সাম্প্রতিক উদ্ভূত পরিস্থিতি ঘিরে দেশজুড়ে মাজার, মসজিদ, মন্দিরসহ ধর্মীয় উপাসনালয়ে হামলা-ভাঙচুরের সঠিক বিচার দাবি করেছে।

সূত্র: কালবেলা

এক সপ্তাহ পর সড়কে ফিরল ট্রাফিক পুলিশ

সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে বৈষম্যবিরোধী শিক্ষার্থীদের আন্দোলন-সহিংসতার জেরে এক সপ্তাহের মতো রাজধানীর সড়কে ছিল না ট্রাফিক পুলিশ। পুলিশ শূন্য রাস্তায় ট্রাফিক নিয়ন্ত্রণে বাঁশি-লাঠি হাতে এ কয়েকদিন সড়কে ট্রাফিক নিয়ন্ত্রণ করেছেন শিক্ষার্থীরা। এ অচলাবস্থার পর সোমবার (১২ আগস্ট) রাজধানীর সড়কে কাজে ফিরেছেন ট্রাফিক পুলিশ সদস্যরা।

সকাল থেকে রাজধানীর বিভিন্ন সড়কে দায়িত্ব পালন শুরু করেছে ট্রাফিক পুলিশ। আগারগাঁও, বাংলামোটর, কারওয়ান বাজার, বিজয় সরণি, জাহাঙ্গীর গেট ও মহাখালীতে ট্রাফিক পুলিশকে দায়িত্ব পালন করতে দেখা গেছে। কোথাও কোথাও পুলিশের সঙ্গে শিক্ষার্থীরা ট্রাফিক নিয়ন্ত্রণে এক সঙ্গে কাজ করছেন।

গত কয়েকদিন ট্রাফিক সামলানোর দায়িত্ব পালন করেছেন শিক্ষার্থীরা; তাদের কাছ থেকে সড়কের দায়িত্ব বুঝে নিচ্ছেন ট্রাফিক পুলিশের সদস্যরা।

শিক্ষার্থীদের কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে দেশব্যাপী পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের সংঘর্ষে হতাহতের ঘটনার পর কিছু দাবিতে গত ৬ আগস্ট থেকে কর্মবিরতির ঘোষণা দেয় বাংলাদেশ পুলিশ অধস্তন কর্মচারী সংগঠন।

সূত্র: ইত্তেফাক

ঢাকা মাতালেন ‘হঠাৎ বৃষ্টি’র নায়ক-গায়ক

প্রথম বারের মত একই মঞ্চে মাতালেন দুই বাংলার জনপ্রিয় সংগীতশিল্পী নচিকেতা চক্রবর্তী। রাজধানীর হাতিরঝিল অ্যাম্ফিথিয়েটারে ‘ঢাকা মেলাঞ্চলি’ কনসার্টে নচিকেতা পরিবেশনায় মুগ্ধ হলেন অসংখ্য দর্শক।

সামাজিক যোগাযোগমাধ্যমে ফেরদৌস ছবির ক্যাপশনে লিখেছেন, ‘আমার ভীষণ ভীষণ প্রিয় একজন মানুষ নচিকেতা দা, অনেক দিন পর দেখা এই প্রথম আমরা একসাথে ঢাকার মঞ্চে।’ ক্যাপশনের শেষাংশে ফেরদৌস বলেছেন, ‘এ যেন হঠাৎ বৃষ্টি। কি অসাধারণ একজন সুরকার এবং সিঙ্গার। হঠাৎ বৃষ্টি কিন্তু নচিকেতা দার প্রথম চলচ্চিত্র। অনন্ত ভালোবাসা তোমার জন্য।’ এ পোস্টে দুই স্টারের ভক্ত-অনুরাগীরা বেশ প্রশংসা করেছেন।

নচিকেতা আধুনিক বাংলা গানের জীবনমুখী ধারার শিল্পী। ১৯৯০-এর দশকের প্রথম ভাগে ‘এই বেশ ভালো আছি’ অ্যালবাম প্রকাশের পর তিনি জনপ্রিয়তা অর্জন করেন।

বাংলাদেশের মানচিত্র পাকিস্তানকে উপহার দিতে চায় কারা?

১৯৭১ সালে মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ যে স্বাধীনতা অর্জন করলেও স্বাধীনতাবিরোধীদের কাছ থেকে মুক্তির জন্য যুদ্ধ চলছে আজও। বাংলাদেশ যতবার উন্নয়নের শিখরে পৌঁছাতে ধারাবাহিক পথ পাড়ি দিচ্ছে, বিশ্ব দরবারে সকলের সামনে মর্যাদা নিয়ে মাথা উঁচু করে দাঁড়াচ্ছে ঠিক ততবার তার ওপর আঘাত করা হয়েছে। একসময়ের প্রধান বিরোধী দল যখন তাদের আন্দোলনের প্রধান স্লোগান ‘টেক ব্যাক বাংলাদেশ’ নির্ধারণ করে তখন আবারও প্রশ্ন উত্থাপিত হয়- এরা কারা, যারা পাকিস্তানকে বাংলাদেশের মানচিত্র উপহার দিতে চায়?

মুক্তিযুদ্ধ গবেষকরা বলছেন, এটা খুবই স্পষ্ট যে কারা মুক্তিযুদ্ধবিরোধী কর্মকান্ডে আজও যুক্ত এবং কারা বিভিন্ন সময়ে বক্তব্য রেখেছে যে, পাকিস্তানের কাছে ফিরে যেতে চায়। এখন দরকার এই টেক ব্যাক বাংলাদেশবিরোধী একটা অবস্থান নেওয়া এবং এদের প্রতিরোধ করা। আমাদের শক্তি হলো, যখনই বাংলাদেশের ওপর কোনো আঘাত এসেছে তখনই আমাদের তরুণ প্রজন্ম তা রুখে দিতে সক্ষম হয়েছে। এবারও পারবে।

আর এই প্রতিরোধের অংশ হিসেবে তরুণ প্রজন্ম মাঠে কাজ করছে নানাভাবে। এবার তারা টেক ব্যাক বাংলাদেশকে সমালোচনা করে ঢাকার রাস্তায় নতুন গ্রাফিতি নিয়ে হাজির হয়েছে।

বাংলাদেশকে পিছনের দিকে টানছে বিএনপি নেতারা- জোরসে বলো হেইয়ো, টেকব্যাক বাংলাদেশ, পিছিয়ে দাও বাংলাদেশ। ঢাকার বিভিন্ন দেয়ালে শোভা পাচ্ছে আরও অনেক গ্রাফিতি। যার একটিতে দেখা যায়

পাকিস্তানের পতাকা আকৃতির এক ডাইনোসরকে বাংলাদেশের মানচিত্র খেতে উদ্বুদ্ধ করছে তারেক জিয়ার আদলের এক ব্যক্তি। আর লেখা আছে টেক ব্যাক বাংলাদেশ। মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও তারেক জিয়া বাংলাদেশকে শিকল দিয়ে টেনে পিছনে নিতে চেষ্টা করছেন ‘টেক ব্যাক বাংরাদেশ’ স্লোগান দিয়ে।

ইতিহাস বলছে, একমাত্র জার্মানির নাৎসি পার্টি ছাড়া বিশ্বের কোন রাজনৈতিক দল, তার দেশকে পিছনের দিকে নিয়ে যাওয়ার কথা বলেনি। ১৯২০ সালে উগ্র জাতীয়তাবাদী চেতনা নিয়ে হিটলারের নেতৃত্বে ফ্যাসিস্ট এই রাজনৈতিক দলের উত্থান ঘটে। তখন তারাও স্লোগান দিয়েছিল ‘টেক ব্যাক জার্মানি।’ প্রথম বিশ্বযুদ্ধের পর জার্মানিতে কমিউনিস্ট উত্থান ঠেকাতে কট্টর জাতীয়তাবাদের বিষবাম্প ছড়িয়ে দিয়েছিল নাৎসিরা।

বিএনপি পদযাত্রা কর্মসূচি পালন করলো। কিছুদিন ধরে বিএনপি ‘এক দফা’ আন্দোলনে ব্যস্ত। একদিকে বিএনপি একদফা ঘোষণা করেছে। অন্যদিকে সরকারের কাছে খালেদা জিয়ার মুক্তিসহ এক গুচ্ছ দাবি দাওয়া উত্থাপন করেছে। এসব দাবির কোনটা আসল আর কোনটা নকল সেই ভাবনার মধ্যে গুরুতর অভিযোগ তাদের স্লোগানকে ঘিরে। ঠিক কোন পরিস্থিতিতে ‘টেক ব্যাক বাংলাদেশ’ বলতে পারে একটি রাজনৈতিক দল।

‘টেক ব্যাক জার্মানির’ পরিণাম কি হয়েছিল আমরা সবাই জানি। ঠিক একশো বছর পর হিটলারের স্লোগান ফিরে এসেছে বাংলাদেশে, বিএনপির হাত ধরে। অবশ্য নাৎসি পার্টির পুরো নামের সঙ্গে বিএনপির পুরো নামের মিল আছে। হিটলারের দলের পুরো নাম ‘ন্যাশনাল সোশালিস্ট জার্মান ওয়ার্কাস পার্টি।’ রাজনৈতিক দল বা নেতারা জনগণকে ভবিষ্যতের স্বপ্ন দেখান, আগামীর পরিকল্পনার কথা বলেন। বারাক ওবামা প্রেসিডেন্ট নির্বাচনে স্লোগান দিয়েছিলেন ‘চেঞ্জ’ পরিবর্তনের ডাক দিয়ে তিনি যুক্তরাষ্ট্রকে সামনে এগিয়ে নেয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন। নেলসন ম্যান্ডেলা মুক্তি পেয়ে বলেছিলেন ‘লুক ফরোয়ার্ড।’ বিএনপি বলছে ‘টেক ব্যাক।’ বাংলাদেশকে টেনে হিঁচড়ে বিএনপি কোথায় নিয়ে যেতে চায়? কোন আমলে?

সম্প্রতি বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, – ‘পাকিস্তান আমল ভালো ছিলো।’ বিএনপি কি তাহলে বাংলাদেশকে আবার পাকিস্তান বানাতে চান? ৭৫ এর নারকীয় ঘটনার আসল উদ্দেশ্য ছিলো বাংলাদেশকে আবার পাকিস্তানে ফেরানো। সামরিক এক নায়ক জিয়াউর রহমান ছিলেন তার স্বপ্নদ্রষ্টা। ৭ নভেম্বর ক্ষমতা দখল করে তিনি

পাকিস্তান অভিমুখে নিয়ে যেতে থাকেন বাংলাদেশকে। ‘জয় বাংলা’ হয়ে যায় ‘বাংলাদেশ জিন্দাবাদ।’ ‘বাংলাদেশ বেতার’ হয় ‘রেডিও বাংলাদেশ’। সেটা ছিলো প্রথম ‘টেক ব্যাক বাংলাদেশ’ উদ্যোগ।

এই টেক ব্যাক বাংলাদেশ বলার সাহস কীভাবে হয় উল্লেখ করে ঘাতক দালাল নির্মূল কমিটির সভাপতি শাহরিয়ার কবীর বলেন, এই ঘাতক গোষ্ঠী বারবারই বাংলাদেশকে পাকিস্তানে ফিরিয়ে নিতে ষড়যন্ত্র করেছে। তারেক জিয়ার পাকিস্তান প্রেম নতুন কিছু না। কয়দিন আগে মির্জা ফখরুল ইসলাম আলমগীর বললেন, পাকিস্তান আমলে ভালো ছিলাম। জামায়াত ইসলামী ও বিএনপি একই মায়ের পেটে সহোদর বারবার ঘোষণা দিয়েছে। এগুলো নতুন না তাদের জন্য। তারেক জিয়ার বরাবরের উদ্দেশ্য বাংলাদেশকে পাকিস্তান বানাতে হবে। আর এর বিপরীতে বাংলাদেশের তরুণরা বারবার রাস্তায় নেমেছে। এবারেও এই বিষয়টি নানাভাবে তুলে ধরা উচিত। টেকব্যাক বাংলাদেশ যে ঘটতে দেওয়া যাবে না তরুণদের এই সচেতনতার জন্য তাদের অভিনন্দন। এটা মূলধারার গণমাধ্যমে ছড়িয়ে দেওয়া উচিত।

মেহেরপুরের তিন মাদ্রাসা ছাত্রী উদ্ধার; গ্রেফতার ৩

গাংনী উপজেলার বামন্দী দাখিল মাদ্রাসার উধাও হওয়া তিন ছাত্রীকে ঢাকার বিমানবন্দর এলাকা থেকে উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ। সেই সাথে ৩ জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা হলেন,আব্দুল হান্নান, রুমান আলী ও আলমগীর হোসেন।
গতকাল মঙ্গলবার দিবাগত রাতে রাজধানী ঢাকার বিমানবন্দর এলাকা থেকে তাদেরকে উদ্ধার করে পুলিশ। গ্রেফতারকৃতদের বাড়ি বিভিন্ন জেলায়। তারা ঢাকায় শ্রমিক হিসেবে কর্মরত ছিলো।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকতার্ মো: আব্দুর রাজ্জাক বলেন, গত রোববার (২৮মে) গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের দেবীপুর গ্রামের বানারুল ইসলামের মেয়ে ও বামন্দী দাখিল মাদ্রাসার অষ্টম শ্রেণির ছাত্রী স্বপ্না খাতুন (১৪), একই গ্রামের সাইদুল ইসলামের মেয়ে ও

একই মাদরাসার নবম শ্রেণির ছাত্রী সূবর্ণা খাতুন (১৫) এবং জামরুল ইসলামের মেয়ে নবম শ্রেণির ছাত্রী সুমাইয়া খাতুনকে (১৫) বাড়ি থেকে বের হয়ে আর ফিরে আসেনি। পরে তাদের অভিভাবকরা গাংনী থানায় এসে সাধারণ ডাইরি (জিডি) করেন। ওই তিন ছাত্রী একই সঙ্গে প্রতিদিন মাদ্রাসায় যাওয়া—আসা করতো। গ্রামের মানুষ অনেক খোঁজাখুঁজি করেও তাদের সন্ধান পাননি

বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই ইসরাফিল বলেন, তথ্য প্রযুক্তি ব্যবহার করে তিন মাদ্রাসা ছাত্রী উদ্ধার ও তিন জনকে ঢাকার বিভিণ্ণ এলাকা থেকে গ্রেফতার করা হয়েছে।

প্রেম সংক্রান্ত ঘটনার কারনে না অন্য কোনো কারণে ওই মাদ্রাসা ছাত্রীরা ঢাকায় গিয়েছিলো। এ বিষয়ে পরে বিস্তারিত জানানো হবে।

ঢাকা উত্তরায় ক্রেন-গার্ডার দুর্ঘটনায় নিহত রুবেলের বাড়ি মেহেরপুর

ঢাকার উত্তরায় ক্রেন-গার্ডার দুর্ঘটনায় নিহত আইয়ুব আলী ওরফে রুবেল হোসেনের বাড়ি মেহেরপুর সদর উপজেলার বারাদি ইউনিয়নের রাজনগর গ্রাম বলে দাবি করেছেন তার স্বজনরা। যদিও এলাকায় তাকে চেনেন আয়ূব আলী নামে।
তিনি রাজনগর গ্রামের মৃত তারা চাঁদ আলীর ছেলে। নয় ভাই বোনদের মধ্যে তিনি পিতা মাতার অষ্টম ছেলে।

গতকাল সোমবার ঢাকার উত্তরায় তার ছেলে হৃদয় আলীর বৌভাত শেষে প্রাইভেটকরে ছেলে ও ছেলের বৌকে বাড়ি পৌঁছে দেবার জন্য রওনা দেন তিনি। পথিমধ্যে ক্রেন দুর্ঘটনায় তার মুত্যু হয়।এ ঘটনায় মারাত্মক আহত হয় তার ছেলে হৃদয় আলী। ঘটনাটি শোনার পর থেকেই রাজনগর গ্রামে তার স্বজনদের বাড়িতে শোকের ছায়া নেমে এসেছে। সকলেই আছেন লাশের অপেক্ষায়।

নিহতের বড়ভাই মহশিন আলি জানান, ২২ বছর আগে গার্মেন্টেসে চাকুররি জন্য গ্রাম থেকে ঢাকায় চলে যান রুবেল হোসেন। সেখানে দীর্ঘদিন চাকুরির পর বিভিন্ন ধরনের ব্যবসা শুরু করেন। গেল ১০/১২ দিন আগেও তিনি রাজনগর গ্রামে এসেছিলেন। নয় ভাইবোনের মধ্যে রুবেল হোসেন ছিলেন তার পিতার অষ্টম সন্তান। আজ মঙ্গলবার ভোররাতে পরিবারের কাছে তার মৃত্যুর সংবাদ আসলে মরদেহ আনতে ঢাকায় পৌছেছেন তার ছোট ভাই ইয়াহিয়াসহ কয়েকজন।

রুবেল হাসেনের বোন আদুরি খাতুন জানান, বাড়িতে ছেলের বৌভাত অনুষ্ঠান শেষ করে ছেলের শশুরের পরিবারের লোকজনকে বাড়ি পৌছে দেবার জন্য নিজস্ব প্রাইভেটকার নিয়ে বের হন আমার ছোট ভাই রুবেল হোসেন। সেখানে গার্ডার চাপায় চাপায় শিশুসহ ৫জন নিহত হন। এমন সংসবাদ বিভিন্ন টেলিভিশনে শুনতে পেরে ঢাকায় যোগাযোগ করি। ঢাকা থেকে আমাদের আদরের ভাইয়ের মৃত্যুর বিষয়টি নিশ্চিত হতে পেরেছি। ইতোমধ্যে আমার ছোটভাই ইয়াহিয়া মরদেহ আনতে ঢাকায় পৌছে বাড়িতে মোবাইল করে বলেছে মরদেহ হস্তান্তর প্রক্রিয়াধীন রয়েছে।

রুবেলের ভাতিজি(ভাইয়ের মেয়ে) তানিয়া সুলতানা জানান, আমাদের পুরো পরিবারটি চলতো চাচার রোজগারের ওপর। ঢাকায় ব্যবসা করে আমাদের দেখাশোনা করতেন। গেল রাত ৮টার সময় থেকে আমার চাচার সাথে যোগাযোগ করে পাচ্ছিনা। এমন একটি বড় ধরনের কাজে নিরাপত্তা ব্যবস্থা না করেই কিভাবে কাজ করছে তা আমাদের বোধগম্য নয়। আমরা এর সুষ্ঠ্য বিচার চাই।

এমন দুর্ঘটনায় ক্ষোভ বিরাজ করছে নিহতদের স্বজনদের পরিবারে। তাদের দাবি ঠিকাদারি প্রতিষ্ঠান ও কর্মরত শ্রমিকদের অবহেলার কারণে এমন দুর্ঘটনায়। আর তাদের ভূলের মাসুলে ঝরে গেল বেশ কয়েকটি তাজা প্রাণ। এর দৃষ্টান্তমূলক শাস্তীর দাবি জানান স্বজনরা।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ(ওসি)মেজবাহ উদ্দীন আহাম্মেদ বলেন, এসংক্রান্ত কোন তথ্য আমাদের কাছে নেই। যেখানে ঘটনা সেই থানা থেকে এখন পর্যন্ত আমাদের কাছে কোন প্রকার বার্তা পাঠাইনি। বার্তা পেলে নিশ্চিত হতে পারবো।

কোটচাঁদপুরে স্বর্ণের দোকান ভবনের দেয়াল কেটে স্বর্ণালঙ্কার চুরি

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভবনের দেয়াল কেটে একটি স্বর্ণের দোকানে দূর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে।
বুধবার দিবাগত রাতে পৌর শহরের মেইন বাজারের (পাইলট মাধ্যমিক বিদ্যালয় সড়কের) পলাশ জুয়েলার্সে দূর্ধষ চুরির এ ঘটনা ঘটে। চুরির ঘটনায় নগদ অর্থসহ ৬ থেকে ৭ লক্ষাধিক টাকা মূল্যের স্বর্ণ নিয়েছে বলে দাবি করেন, জুয়েলার্স দোকান মালিক পলাশ কর্মকার। জুয়েলার্স দোকান মালিক পলাশ কর্মকার জানান, বুধবার রাত সাড়ে ১০ টার দিকে দোকান বন্ধ করে বাড়ি যায়। সকালে পাশের দোকানের ফুসকা হাউজের মালিক শাহিন ফোন করে দোকানে চুরির খবর দেন।
চোরেরা প্রথমে ফুসকা হাউজের দোকানের দেয়াল কাটে। পরে আমার স্বর্ণের দোকানের দেয়াল কেটে ভিতরে প্রবেশ করে।
দোকানের সিন্ধুক ভেঙ্গে সাড়ে ৫ ভরি স্বর্ণালঙ্কার সহ নগদ ২০ হাজার টাকা নিয়ে গেছে বলে জানান তিনি।
খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছেন, জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার। সিআইডির ক্রাইম সিন ইউনিটের সদস্যসহ আইনশৃঙ্খলা বাহিনীর কর্মকর্তারা।
চুরির ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য দায়িত্বরত নৈশ প্রহরী বজলুর রহমানকে পুলিশ হেফাজতে নিয়েছে।
এ ব্যাপারে কোটচাঁদপুর পৌর ফাঁড়ি ইনচার্জ ইন্সপেক্টর আক্তারুজ্জামান লিটন জানান, খবর পেয়ে আমরা ঘটনাস্থলে গিয়েছি। প্রাথমিকভাবে ধারনা করা হচ্ছে দোকানের দেয়াল কেটে চুরির ঘটনা পূর্ব পরিকল্পিত। পুলিশের একাধিক টিম তদন্ত শুরু করেছে। তদন্ত শেষে বিস্তারিত বলা সম্ভব হবে।
তবে এ ঘটনায় কোটচাঁদপুর থানায় এখনও কোন অভিযোগ বা মামলা হয়নি।

এক নজরে রাজধানীর কোথায়, কত করোনারোগী শনাক্ত

বিশ্বব্যাপী মহামারী রূপ নিয়েছে করোনাভাইরাস। ইতোমধ্যে ভাইরাসটি বিশ্বের ২১০টি দেশ ও অঞ্চলে থাবা বসিয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি আক্রান্ত ও মৃত্যু হয়েছে মার্কিন যুক্তরাষ্টে।

বাংলাদেশেও এরই মধ্যে থাবা বসিয়েছে মারণ এই ভাইরাস। তবে বাংলাদেশে এর প্রভাব এখনও নিয়ন্ত্রণে রয়েছে।

এখন পর্যন্ত বাংলাদেশ মোট সংক্রমণ পাওয়া গেছে ৬২১টি। এর অধিকাংশই রাজধানী ঢাকায়।
এখন পর্যন্ত রাজধানীর ৭৫ পাওয়া গেছে এলাকায় করোনাভাইরাসের সংক্রমণ।

আইইডিসিআর’র তথ্যানুসারে, ২৪ ঘণ্টায় ১৩৯ জন করোনা আক্রান্ত শনাক্ত হয়েছে। এতে এখন পর্যন্ত করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৬২১ এ। এ পর্যন্ত মারা গেছেন ৩৪ জন। আর সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৩৯ জন।

আইইডিসিআর’র তথ্যে দেখা যায়, ঢাকায় করোনা হটস্পট হচ্ছে মিরপুর। সেখানে ৫২ জন কভিড-১৯ আক্রান্ত হয়েছেন। মিরপুরের টোলারবাগ সর্বোচ্চ আক্রান্ত এলাকা, সেখানে ১৯ জন করোনা আক্রান্ত। তারপরেই রয়েছে মিরপুর-১১, সেখানে আক্রান্ত হয়েছেন ১০ জন।

মিরপুরে করোনা আক্রান্ত শনাক্ত হয়েছে এমন অন্যান্য এলাকা হচ্ছে— মিরপুর-১২ (৮ জন), মিরপুর-১ (৫ জন), মিরপুর-১০ (৫ জন), মিরপুর-৬ (২ জন), মিরপুর-১৩ (২ জন) এবং কাজীপাড়া (১ জন)।

মিরপুর ছাড়াও যেসব এলাকায় করোনা রোগী শনাক্ত হয়েছে: উত্তরা (১৭ জন), ওয়ারী (১৬ জন), ধানমণ্ডি (১৪ জন), লালবাগ (১৩ জন), মোহাম্মদপুর (১২ জন), বাসাবো (১২ জন), যাত্রাবাড়ী (১১ জন) এবং হাজারীবাগ (৮ জন)। রাজধানীর বনানী, বংশাল ও মহাখালীতে সাত জন করে কভিড-১৯ রোগী শনাক্ত হয়েছে।

পরিস্থিতি সামাল দিতে, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) রাজধানীর ৫৪ এলাকা লকডাউন করেছে বলে জানা গেছে।

ঢাকার পর সবচেয়ে বেশি করোনা আক্রান্ত শনাক্ত হয়েছে নারায়ণগঞ্জে। আইইডিসিআরের তথ্যে সেখানে ১০৭ জন করোনা আক্রান্ত। সূত্র-বাংলাদেশ প্রতিদিন